

ফেব্রুয়ারি/২২ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

সভার তারিখ : ১০/০২/২০২২ খ্রি. সকাল ১০.৩০ ঘটিকায়


সভাপতি : মো: শরিফুল ইসলাম সরকার, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।

উপস্থিতি তালিকা : পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:নং	আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	আলোচনা : নিয়মিত উপজেলা পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত কমিটি সভাকরণ সিদ্ধান্ত : প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নিয়মিত উপজেলা পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত কমিটির সভা আহবন করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ মহোদয়ের কার্যালয়ের প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	বাস্তবায়নে উপজেলা পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত কমিটি
২.	উপজেলায় মোট ১৭টি ইউনিয়নে প্রতি মাসে স্যাটেলাইট ক্লিনিক ও নরপ্লান্ট ক্যাম্পের মধ্যে স্যাটেলাইট ক্লিনিক ও নরপ্লান্ট ক্যাম্প অনুষ্ঠিত হয়। স্যাটেলাইট ক্লিনিক মনিটরিং এর জন্য মাসিক স্যাটেলাইট ক্লিনিক ক্যালেন্ডার প্রণয়ন করে মনিটরিং করা। ওয়ার্ড প্রতি ০১টি ইউনিট করে উঠান বৈঠকের আয়োজন করা, প্রতি ইউনিয়নে ০৪টি করে মাধ্যমিক স্তরের স্কুলে শিক্ষা কার্যক্রম সংগঠিত করার বিষয়ে আলোচনা করা হয়। সিদ্ধান্ত : উল্লেখিত বিষয়ে উপজেলা পরিষদে মাসিক সভায় অবহিতকরণ ও পরিবার পরিকল্যাণ পরিদর্শকগণকে দায়িত্বে আরো তৎপর হয়ে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম গতিশীল করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সভাপতি
২০/২/২২

উপজেলা পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ
সংক্রান্ত কমিটি


গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

তারিখ : ১০/০২/২০২২ খ্রি.

স্মারক নং-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. অফিস কপি।



সদস্য সচিব

উপজেলা পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ

সংক্রান্ত কমিটি

গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।